



ছবি



ভিডিও



ভিডিও

জেলা

প্রকৌশল গুচ্ছ ভর্তি পরীক্ষা : সেরা হলেন যারা

সংবাদদাতা চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয়



(ওপরে বাঁ থেকে) ইশতিয়াক মঈন, প্রতীক রসুল ও ওয়াসি তাহমিদ । (নিচে বাঁ থেকে) মাহদিয়াত তারান্নুম, তাসনিম আশরাফ ও ফাজরিন আনজুম।

By using this site, you agree to our Privacy Policy. OK

প্রকৌশল গুচ্ছের তিন বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট), খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এবং রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) ২০২৩-২৪ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের সমন্বিত ভর্তি পরীক্ষার ফলাফল গতকাল শনিবার মধ্যরাতে প্রকাশ করা হয়।

ক গ্রুপের ভর্তি পরীক্ষায় প্রথম হয়েছেন মো. ইশতিয়াক মঈন (ভর্তি পরীক্ষার রোল নম্বর ১১৫৮৯৭) এবং দ্বিতীয় হয়েছেন প্রতীক রসুল (রোল ৩১৬৩৯৮)। তাঁরা উভয়েই নটর ডেম কলেজের শিক্ষার্থী ছিলেন বলে জানা গেছে। এ ছাড়া ভর্তি পরীক্ষায় তৃতীয় হয়েছেন রাজশাহী কলেজের শিক্ষার্থী সরকার মো. ওয়াসি তাহমিদ (রোল ৩২০১৬২)।

ইশতিয়াক মঈন প্রথম আলোকে বলেন, ‘ভর্তি পরীক্ষায় প্রথম স্থান অধিকার করে অনেক ভালো লাগছে। আমার এই কৃতিত্বের পেছনে যাদের অবদান, বিশেষ করে আমার মা-বাবা ও শিক্ষকমণ্ডলীর কাছে আমি আজীবন কৃতজ্ঞ থাকব।’

অন্যদিকে খ গ্রুপে প্রথম হয়েছেন মাহদিয়াত তারানুম (রোল ১২০১১১) এবং মেধাতালিকায় দ্বিতীয় অবস্থানে রয়েছেন তাসনিম আশরাফ (রোল ২২০২৪৭)। এ ছাড়া তৃতীয় হয়েছেন ফাজরিন আনজুম (রোল ৩২০২১৭)।

ভর্তি বিজ্ঞপ্তি অনুযায়ী, মেধাতালিকায় স্থান পাওয়া শিক্ষার্থীরা ২১ এপ্রিল থেকে অনলাইনের মাধ্যমে বিশ্ববিদ্যালয় ও বিভাগের ফরম পূরণ করতে পারবেন। ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীদের প্রকৌশল এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য ৩৯টি পছন্দসহ একটি পছন্দক্রম এবং স্থাপত্য বিভাগের জন্য তিনটি পছন্দসহ আলাদা একটি পছন্দক্রম পূরণ করতে হবে। ফর্মে প্রদান করা যেকোনো তথ্য ২৭ এপ্রিল সকাল ৯টা পর্যন্ত পরিবর্তন করতে পারবেন শিক্ষার্থীরা।

এ ছাড়া বিজ্ঞপ্তিতে মেধাতালিকায় স্থান পাওয়া ক গ্রুপের প্রথম ৩ হাজার ৫০০ জন এবং খ গ্রুপের প্রথম ১২০ জনকে ২৮ এপ্রিল সকাল সাড়ে ৯টা থেকে বেলা সাড়ে ৩টার মধ্যে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে বলা হয়। এবার ভর্তি ফি নির্ধারণ করা হয়েছে সাড়ে ১৮ হাজার টাকা।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 prothomalo.com

By using this site, you agree to our Privacy Policy.

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো